

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং- প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩২৮(২০১৫-১৬)(শৃঙ্খলা)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৫-০৬-২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব বিশ্বাস রমজান আলী, সহকারী মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), বিকেবি, খুলনা কর্পোরেট শাখা, খুলনা ইতোপূর্বে উক্ত শাখায় মুখ্য কর্মকর্তা ও উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালনকালে বৈদেশিক বানিজ্য সংক্রান্ত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-৩৯/১৫-১৬ রুজুপূর্বক অত্র বিভাগের ১১-০৪-২০১৭খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩২৮/২০১৫-১৬/৩৪৮১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে আপনি জনাব বিশ্বাস রমজান আলী, আপনাকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে প্রমানিত হিসেবে গণ্য অভিযোগ সমূহের (অভিযোগ নং- ১, ২ ও ৩) জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরু দণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হবে না-এ মর্মে অত্র বিভাগের বিগত ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩ঃ৩২৮(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/১৯৫২ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব বিশ্বাস রমজান আলী ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখে উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দৌষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা অবসরোত্তর সুবিধাদি হিসেবে আনুতোষিক ও ছুটি নগদায়ন বাবদ আপনার প্রাপ্য ৭০,৬৫,০০০/- (সত্তর লক্ষ পয়ষষ্টি হাজার) টাকা কর্তন করার দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এফক্ষে, সেহেতু কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব বিশ্বাস রমজান আলী আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি (আনুতোষিক ও ছুটি নগদায়ন) হতে ৭০,৬৫,০০০/- (সত্তর লক্ষ পয়ষষ্টি হাজার) টাকা কর্তন করে বিকেবি, খুলনা কর্পোরেট শাখার আয় খাতে জমা করার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব বিশ্বাস রমজান আলী (আর-১০১৪)  
সহকারী মহাব্যবস্থাপক(অবসরপ্রাপ্ত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
খুলনা কর্পোরেট শাখা  
খুলনা।

স্বাক্ষরিত  
(লুৎফুন নাহার নাজ)  
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩২৮(২০১৫-১৬)(শৃঙ্খলা)/২০১৮-২০১৯/  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

৩৬৮৭(৭)

তারিখঃ ২৫-০৬-২০১৯ খ্রিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১(অংশ-২), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২(পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। উপমহাব্যবস্থাপক, বিকেবি, খুলনা কর্পোরেট শাখা, খুলনা। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব বিশ্বাস রমজান আলী এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অভিযোগ সংশ্লিষ্ট অনাদায়ী টাকা আদায়ের জন্য যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিকেবি, খুলনা কর্পোরেট শাখাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১০। মূলনথি/খন্ড নথি/মহানথি।

২০/০৬/২০১৯  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক